



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

Website : www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০২৪.১৮.৭২

তারিখ : ২০-০২-২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ ও হার্ডকপি দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরিচালিত এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোক)/ ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম)/ ডিপ্লোমা-ইন-কমার্স ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা এবং এইচএসসি (ভোক) ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী যে সকল পরীক্ষার্থীর তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর এখনো প্রেরণ করা হয়নি সে সকল পরীক্ষার্থীর তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনলাইনে ০৭/০৩/২০১৮ হতে ১৩/০৩/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রত্যেক বিষয়ে নম্বর প্রদানের পর Send বাটনে ক্লিক করার পূর্বে অবশ্যই তা TC, PC মার্কস এন্ট্রিকৃত খাতার সাথে অনলাইনে প্রদানকৃত মার্কস মিলিয়ে নিতে হবে যাতে কোন ধরনের ভুল (যেমন ২০ এর স্থলে ০ অথবা ২ এন্ট্রি করা, নম্বর ব্যতীত অন্য কোন অক্ষর এন্ট্রি করা অথবা অনুপস্থিত শিক্ষার্থীর কলামে A না লিখা ইত্যাদি) না থাকে।

প্রেরিত নম্বরের Print Preview দেখে নিশ্চিত হয়ে তার হার্ড কপি ১৪/০৩/২০১৮ তারিখে হতে প্রিন্ট করা যাবে এবং ১৪/০৩/২০১৮ তারিখের পূর্বের প্রিন্ট কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না। প্রিন্টকৃত হার্ডকপি নিজ দায়িত্বে ২৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধান/তার মনোনীত প্রতিনিধির/ সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের বিএম শাখা (১০ম তলায়) জমা দিতে হবে। অনলাইনে প্রেরিত কপির ছবছ হার্ডকপি দাখিল করতে হবে। কোনরূপ ঘষামাজা, সংশোধন, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য হবে না।

বিঃদ্রঃ- TC, PC মার্কস প্রেরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮, ০১৭৩২২৯৭৬০৭, ০১৭৩২২৯৭৬০৮ নম্বরগুলোতে যোগাযোগ করা যাবে।

20/02/2018

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ৯১১৩২৮৩

তারিখ : ২০-০২-২০১৮ খ্রিঃ

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০২৪.১৮.৭২(১১)

অত্র বিজ্ঞপ্তির প্রতিলিপি অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হল :-

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান। (নিভুল ভাবে অনলাইনে TC, PC নম্বর প্রেরণ করাসহ পরীক্ষা সমাপ্ত হওয়ার সাথে সাথে ট্রেজারী/থানা লকারে রক্ষিত ট্যাংক বোর্ডের ৮ম তলায় (গোপনীয় শাখা) পাঠানো নিশ্চিত করুন)।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি।

20/02/18

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ৯১৩৩৪৬৫